রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, অক্টোবর ২৩, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/২০ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-৩৬২-আইন/২০২৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের **১১৫** অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি (২) এর দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) ও দফা (ঘঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ঘ) “সচিব” অর্থ কমিশনের সচিব”;

(ঘঘ) “সচিবালয়” অর্থ কমিশনের সচিবালয়;”;

(২) বিধি ৩ এর উপ-বিধি (২) এর—

(ক) দফা (গ) তে উল্লিখিত “অ্যাটর্নি জেনারেল” শব্দগুলির পরিবর্তে “অ্যাটর্নি-জেনারেল” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঙ) তে উল্লিখিত “সচিব, অর্থ বিভাগ” শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে “সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়” শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে; এবং



**মূল্য :** টাকা ৪.০০

(গ) দফা (জ) তে উল্লিখিত "রেজিস্ট্রার" শব্দের পরিবর্তে "রেজিস্ট্রার জেনারেল" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৪ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

(৪) বিধি ৫ এর—

(ক) দফা (খ) এর শেষাংশে উল্লিখিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) দফা (গ) এর প্রান্তস্থিত " ।" (দাঁড়ি) চিহ্নের পরিবর্তে ";" (সেমিকোলন) চিহ্ন ও "এবং" শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) দফা (গ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঘ) সংযোজিত হইবে, যথা ঃ—

"(ঘ) আইন ও বিচার প্রশাসন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক কমিশনকে দায়িত্ব পালন বা কার্য সম্পাদনের অনুরোধ জানানো হইলে কমিশন উক্ত দায়িত্ব পালন বা কার্য সম্পাদন করিতে পারিবে।"; এবং

(৫) বিধি (৬) এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "ছয়জন" শব্দের পরিবর্তে "পাঁচজন" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ আবু তাহের**
সচিব (চলতি দায়িত্ব)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd